দৈনিক ইনকিলাব

তারিখ 06 MAR 1997
পৃষ্ঠা ৭ কলাম ২

# আজ থেকে সারা দেশে এসএসসি ও দাখিল পরীক্ষা শুরু

প্রথম পৃষ্ঠার পর

অংশগ্রহণের সুযোগ দিতে এবং ১৫ মার্চের মধ্যে সকল অসংগতি ও ভুলের কেন্দ্রভিত্তিক তালিকা স্ব স্ব বোর্ডে পাঠানোর নির্দেশ রয়েছে। পরীক্ষা অনুষ্ঠানের সকল প্রস্তুতি ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। সারাদেশের পরীক্ষা কেন্দ্রসমূহের ২শ' গজের মধ্যে পরীক্ষা চলাকালে একত্রে ৪ ব্যক্তির চলাফেরা আলাপ আলোচনা ও জমায়েত নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

এ বছর পাঁচটি বোর্ডের মোট পরীক্ষার্থীর সংখ্যা ৭ লাখ ৪১ হাজার ৮৬২ জন। তন্মধ্যে মোট ছাত্র ৪ লাখ ৩০ হাজার ২৪৭ এবং ছাত্রী ৩ লাখ ১১ হাজার ৬৪১ জন। আজ থেকে পাঁচ বোর্ডের মোট ৭৮২টি কেন্দ্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মোট কেন্দ্রের মধ্যে দেশের বাইরে ৬টি কেন্দ্র হচ্ছে জেদ্দা, ত্রিপলী ,আবুধাবী, কাতার (দোহা) ও রিয়াদ।

ঢাকা বোর্ডের অধীনে মোট কেন্দ্র ২০১টি (বিদেশের ৫টি কেন্দ্রসহ)। মোট পরীক্ষার্থী ২ লাখ ২০ হাজার ৫৯ জন। তন্মধ্যে ছাত্র ১ লাখ ২৪ হাজার ৭৮৭ জন এবং ছাত্রী ৯৬ হাজার ২৭৫ জন।

যশোর বোর্ডের মোট কেন্দ্র ১৫৫টি। মোট পরীক্ষার্থী ১ লাখ ৩৬ হাজার ৮১৯ জন। তন্মধ্যে ছাত্র ৮০ হাজার ৯৩৩ এবং ছাত্রী ৫৫ হাজার ৮৮৫ জন।

রাজশাহী বোর্ডের মোট কেন্দ্র ১৯৭টি। মোট পরীক্ষার্থী ১ লাখ ৯৮ হাজার ৩৫৮ জন। তন্মধ্যে ছাত্র ১ লাখ ২১ হাজার ৩৩০ এবং ছাত্রী ৭৭ হাজার ২৮ জন। কুমিল্লা বোর্ডের মোট কেন্দ্র ১৫৪টি। মোট পরীক্ষার্থী ১ লাখ ২২ হাজার ৬৭৩ জন। তন্মধ্যে ছাত্র ৬৮ হাজার ২০২ এবং ছাত্রী ৫৪ হাজার ৪৭১ জন।

চট্টগ্রাম বোর্ডের মোট কেন্দ্র ৭৫টি। মোট পরীক্ষার্থী ৬৩ হাজার ৯৫৩ জন। মোট ছাত্র ৩৪ হাজার ৯৫৫ এবং মোট ছাত্রী ২৮ হাজার ৯৫৮। কুমিল্লা সংবাদদাতা জানান, কুমিল্লা শিক্ষা বোর্ডের এ বছরের পরীক্ষার্থীর সংখ্যা ১ লক্ষ ২২ হাজার ৬শ' ৭৩ জন। তন্মধ্যে ছাত্র ৬৮ হাজার ২শ' ২ এবং ছাত্রী ৫৪ হাজার ৪শ' ৭১। বিজ্ঞান বিভাগে ৫৬ হাজার এবং সমাজ বিজ্ঞান বিভাগে ৬৬ হাজার ৬শ' ৭৩ জন। ১৫৫টি কেন্দ্রের মাধ্যমে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রত্যেকটি জেলা প্রশাসন ও বোর্ড কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন।

রাজশাহী অফিস জানায়, আসন্ন এসএসসি পরীক্ষায় এবার রাজশাহী বোর্ডে ১ লাখ ৯৮ হাজার ৫৯ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে ছাত্রের সংখ্যা ১ লাখ ২১ হাজার ৭৮ জন ও ছাত্রীর সংখ্যা ৭৬ হাজার ৯৬৮ জন। বিজ্ঞান বিভাগে ৬০ হাজার ১৯২ জন এবং সমাজ বিজ্ঞান বিভাগে ১ লাখ ৩৭ হাজার ৮০৫ জন। রাজশাহী বোর্ডের অধীনে ১৯৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এবার মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬৩ হাজার ৯৫৫ জন। চট্টগ্রাম, কক্সবাজার, রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলার মোট ৭৫টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদের মধ্যে চট্টগ্রাম মহানগরী এলাকায় পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ২৯টি। সংশ্লিষ্ট জেলা প্রশাসন শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। এদিকে নগরে ৫টি দাখিল পরীক্ষা কেন্দ্রেও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে প্রশাসন ব্যবস্থা গ্রহণ করেছেন। আজ বৃহস্পতিবার থেকে আগামী ২০ মার্চ পর্যন্ত এ পরীক্ষা চলাকালীন দিনগুলোতে বিশেষ ব্যবস্থা বলবত থাকবে। নগরীর আশপাশে নকলের দুর্গ হিসাবে পরিচিত বেশকিছু কেন্দ্রে বহিরাগতদের উৎপাত বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে বলে জানা গেছে। উল্লেখ্য, রাজনৈতিক প্রভাব খাটিয়ে বেশ কয়েকটি পরীক্ষা কেন্দ্রে কিছু লোক প্রতিবছর অবৈধ অনুপ্রবেশের প্রচেষ্টা চালায়।

গাইবান্ধা থেকে জেলা সংবাদদাতা জানান, জেলার ৭ থানার ১২টি পরীক্ষা কেন্দ্রে ১শ' এএসসি পরীক্ষার্থী প্রবেশপত্র না পাওয়ায় ছাত্র-অভিভাবকরা দিশেহারা হয়ে পড়েছে। অপর দিকে বিভিন্ন স্কুল থেকে পরীক্ষার জন্য ফরম পূরণ করা না হলে শতাধিক ছাত্রছাত্রীর নামে প্রবেশপত্র এসেছে। বিদ্যালয়গুলো হচ্ছে– ফুলদড়ি থানার পাইলট স্কুল, সদর থানার রঘুনাথপুর, রহমতপুর বিদ্যালয় এবং সাদুল্যাপুর থানার ইদ্রাকপুর হাই স্কুল।

এদিকে সাদুল্যাপুর থানা সদর কেন্দ্রের এসএসসি পরীক্ষা খাতা এবং উপকরণ এ রিপোর্ট লেখা পর্যন্ত পৌছেনি। ফলে কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার বিষয়টি নিয়ে বিপাকে পড়েছে।